

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২৪৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৪৭]

পর্ব-১: ত্বহরাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৫৫: অপবিত্র ব্যক্তি তার শরীর থেকে ময়লা দূর করার পর পুনরায় হাত ধোয়া

بَابُ إِعَادَةِ الْجُنْبِ غَسَلَ يَدَيْهِ بَعْدَ إِزَالَةِ الْأَذَى عَنْ جَسَدِهِ

আরবী

أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، قَالَ: حَدَّثَنَا عُمَرُ بْنُ عَبْدِ عُبَيْدٍ، عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ، عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، قَالَ: وَصَفَتْ عَائِشَةُ غُسْلَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنَ الْجَنَابَةِ، قَالَتْ: كَانَ يَغْسِلُ يَدَيْهِ ثَلَاثًا، ثُمَّ يُفِيضُ بِيَدِهِ الْيُمْنَى عَلَى الْيُسْرَى فَيَغْسِلُ فَرْجَهُ وَمَا أَصَابَهُ، قَالَ عُمَرُ: وَلَا أَعْلَمُهُ إِلَّا قَالَ: يُفِيضُ بِيَدِهِ الْيُمْنَى عَلَى الْيُسْرَى ثَلَاثَ مَرَّاتٍ، ثُمَّ يَتَمَضَّمُ ثَلَاثًا وَيَسْتَنْشِقُ ثَلَاثًا وَيَغْسِلُ وَجْهَهُ ثَلَاثًا، ثُمَّ يُفِيضُ عَلَى رَأْسِهِ ثَلَاثًا، ثُمَّ يَصُبُّ عَلَيْهِ الْمَاءَ .

تخريج دارالدعوة: انظر حديث رقم: ٢٢٢، (تحفة الأشراف: ١٧٧٣٧) (صحيح الاسناد)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 247 - صحيح الإسناد

বাংলা

২৪৬. ইসহাক ইবনু ইব্রাহীম (রহ.) আবু সালামাহ্ ইবনু আবদুর রহমান (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, 'আয়িশাহ্ (রাঃ) নবী (সা.) -এর অপবিত্রতার গোসলের বর্ণনা প্রসঙ্গে বলেন যে, তিনি উভয় হাত তিনবার ধুতেন। তারপর তার ডান হাত দ্বারা বাম হাতের উপর পানি ঢালতেন, এরপর তার লজ্জাস্থান ধুতেন এবং যে সকল স্থানে নাপাকী লেগেছে তা ধুতেন। উমার ইবনু উবায়দ বলেন, আমি তাকে এ ছাড়া আর কিছু বলতে শুনিনি। তিনি বলেছেন যে, তিনি ডান হাতে বাম হাতের উপর তিনবার পানি ঢালতেন এবং তিনবার কুলি করতেন। আর তিনবার নাকে পানি দিতেন এবং তার চেহারা তিনবার ধুয়ে ফেলতেন। তারপর মাথায় তিনবার পানি ঢালতেন। পরিশেষে তার সমস্ত শরীরে পানি ঢালতেন।

English

155 The Junub Person Washing His Hands Again After Removing The Filth From His Body

It was narrated that Abu Salamah bin 'Abdur-Rahman said: Aishah described how the Prophet (ﷺ) performed Ghusl for Janabah. She said: 'He used to wash his hands three times, then pour water with his right hand onto his left and wash his private part and whatever was on it.' - (One of the narrators) 'Umar said: I think he said: 'He would pour water with his right hand onto his left hand three times.' - Then he would rinse his mouth three times and his nose three times, and wash his face and hands three times, then he would pour water over his head three times, then pour water over himself.'

ফুটনোট

সহীহ: বুখারী ২৪৮, মুসলিম ৩১৬, মুসনাদে আহমাদ ২৫১৫১, তিরমিযী ১০৪। [দ্রঃ ২৪৪]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু সালামাহ ইবনু আবদুর রাহমান (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86517>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন